AMEX: AP (ICT DMTCL) 10/10/2018.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.০১১.০২৫.১৬(অংশ)-৫৬৭ তারিখঃ ০৯-১০-২০১৮

বিষয়ঃ অনুমোদিত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের লক্ষ্যে প্রকল্প পরিচালক নিয়োগ কমিটি'র সভার কার্যববরণী প্রেরণ।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য অনুমোদিত ০৪টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের লক্ষ্যে প্রকল্প পরিচালক নিয়োগ কমিটি'র সভা গত ০৭-১০-২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ সামীমুজ্জামান)
উপপ্রধান
ফোন-৯৫১৪২৬৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সিনিয়র সচিব, ইআরডি, শেরে বাংলা নগর, ঢাকা
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৪। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫। অতিরিক্ত সচিব (বাজেট- ৫), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭। মহাপরিচালক, যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা
৮। যুগ্ম প্রধান (সড়ক পরিবহন উইং), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৯। যুগ্ম প্রধান, পরিকল্পনা উইং, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য অনুমোদিত ০৪টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ০৭ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১১:৩০ মিনিট |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

২. উপস্থাপনাঃ

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে উপপ্রধান বলেন যে, উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য পরিকল্পনা বিভাগ কর্তৃক ০৯-০২-২০১৬ তারিখে পরিপত্র জারী করা হয়েছে। একই বিষয়ে আইএমইডি'র প্রতিবেদনের প্রেক্ষিতে প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করার নিমিত্ত দক্ষ প্রকল্প পরিচালক নিয়োগের জন্য জাতীয় অর্থনৈতিক পরিষদের সভার সিদ্ধান্ত রয়েছে। উল্লেখিত সিদ্ধান্ত অনুসরণে প্রকল্প পরিচালক নিয়োগ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন/নির্দেশনাও তাঁর কার্যালয় থেকে সকল মন্ত্রণালয়/বিভাগকে পত্রের মাধ্যমে জানানো হয়েছে। তৎপ্রেক্ষিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে সভাপতি করে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ, আইএমইডি ও সংশ্লিষ্ট সংস্থা প্রধান সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য একনেক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সম্প্রতি অনুমোদিত হয়েছে এবং প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে এমন ০৪টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য প্রস্তাবের প্রেক্ষিতে উক্ত কমিটি'র এ সভা আহ্বান করা হয়েছে। কমিটি'র গঠন কাঠামো ও কার্যপরিধি সকলকে পুন:অবহিত করা হয়।

৩. আলোচনা :

৩.১ সভায় সওজ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী কর্তৃক উল্লেখ করা হয় যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের যে জনবল রয়েছে তাতে সকল প্রকল্পে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা অত্যন্ত দুরহ। প্রকল্পের ধরণ অনুযায়ী সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী বা অন্য কর্মকর্তা কর্তৃক প্রকল্প বাস্তবায়ন করাই সমীচীন হবে। এক জোনের কর্মকর্তা অন্য জোনের প্রকল্পের দায়িত্বে থাকলে বাস্তবায়ন/সুপারভিশন যথাযথ হবে না মর্মে প্রতীয়মান হয়। এছাড়া, প্রকল্প পরিচালক নিয়োগ না হওয়ায় প্রকল্পের টেন্ডার আহবান করা যাচ্ছে না। এতে এডিপি বাস্তবায়নসহ প্রকল্পের অগ্রগতি বাধাগ্রস্ত হচ্ছে। পরিপত্রের আলোকে এবং বাস্তব অবস্থার নিরীখে কিভাবে প্রকল্প পরিচালক নিয়োগ করা যায় তা বিবেচনা করা প্রয়োজন।

৩.২ উপপ্রধান বলেন যে, প্রকল্প পরিচালক নিয়োগে পরিপত্র অনুসরণ করা প্রয়োজন। তবে প্রতিটি জোনে সওজ অধিদপ্তরের পর্যাপ্ত জনবল নেই। পরিপত্র প্রতিপালনের উদ্দেশ্যেই পরিচালক নিয়োগ কমিটি করা হয়েছে। প্রস্তাবিত অধিকাংশ প্রকল্পের ব্যয় ১০০ কোটি টাকার উর্ধ্বে। প্রকল্প পরিচালক নিয়োগের জন্য প্রস্তাবিত সকল প্রকল্পের ক্ষেত্রেই ৩জন করে কর্মকর্তার নাম প্রস্তাব করা হয়েছে এবং তাদের জীবনবৃত্তান্ত দাখিল করা হয়েছে। অতঃপর ০৪টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সভায় বিশদ পর্যালোচনা ও বিস্তারিত আলোচনা করা হয় এবং উক্ত প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সকলে একমত পোষণ করেন। এছাড়া, অতিরিক্ত দায়িত্বে নিয়োগপ্রাপ্ত কোন প্রকল্প পরিচালককে বদলী করা হলে অথবা অবসর গ্রহণ করলে সেক্ষেত্রে মূল পদে স্থলাভিষিক্ত কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে সরাসরি দায়িত্ব প্রদান না করার বিষয়ে সভায় উল্লেখ করা হয়। এক্ষেত্রে নতুন পদায়নকৃত কর্মকর্তার অনুকূলে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করার জন্য মন্ত্রণালয় কর্তৃক পুনঃনিয়োগাদেশ জারী করা সমীচীন মর্মে সভায় মত প্রকাশ করা হয়। এক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রস্তাব প্রেরণ করা আবশ্যক হবে।

৩.৩ সভায় উল্লেখ করা হয় যে, দেশের বিভিন্ন অঞ্চলে রাস্তার মান খারাপ দেখা যায়। প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পূর্ব অভিজ্ঞতা, প্রস্তাবিত কর্মকর্তার তত্ত্বাবধানে নির্মিত সড়কের মান ইত্যাদি বিষয় বিবেচনা করা প্রয়োজন। এছাড়া, কারো বিরুদ্ধে অদক্ষতার সুনির্দিষ্ট/প্রমানিত কোন অভিযোগ থাকলে ভৌগলিক ভাবে সুবিধাজনক কর্মস্থলে থাকলেও তাঁকে বিবেচনা না করাই শ্রেয়। এ বিষয়ে সভাপতি বলেন যে, এ বিভাগের আওতায় গঠিত মনিটরিং টীমসমূহ সারাদেশের সড়ক নির্মাণ/সংরক্ষণ বিষয়ক

বিভিন্ন কার্যক্রম/প্রকল্প পরিদর্শন করে থাকেন এবং প্রতিবেদন দাখিল করেন। পরিদর্শনকালে কোন ত্রুটি/অদক্ষতা পরিলক্ষিত হলে বা সুনির্দিষ্ট কোন অভিযোগ পাওয়া গেলে তার প্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। সভাপতি বলেন যে, এ বিভাগের আওতাধীন তথা সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যক্রম ও জনবলের ধরণ ও সীমাবদ্ধতার কারণে পরিপত্র সম্পূর্নরূপে অনুসরণ করে প্রকল্প পরিচালক নিয়োগ করা অত্যন্ত দুরুহ। বাস্তব ও সঙ্গত কারণেই সকল প্রকল্পে পূর্নকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করা সম্ভব হয় না। ভৌগলিক বা কর্মস্থলজনিত অবস্থানের কারণে এবং প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে এক জোনের কর্মকর্তাকে অন্য জোনের প্রকল্পের দায়িত্ব প্রদান করা যায় না এবং একজন কর্মকর্তাকে ক্ষেত্র বিশেষে অনেকগুলো প্রকল্পের দায়িত্ব প্রদান করতে হয়। সভায় বলা হয় যে, একজন কর্মকর্তাকে বেশী সংখ্যক প্রকল্পের দায়িত্ব প্রদান করা হলে সে ক্ষেত্রে প্রকল্পের কার্যক্রম বাধাগ্রস্ত হবার সম্ভাবনা থাকে। এক্ষেত্রে ডিপিপি'তে প্রকল্প পরিচালক হিসেবে নির্দিষ্ট গ্রেড উল্লেখ থাকলেও প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে ভিন্ন গ্রেডের উপযুক্ত কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে বিবেচনা করা যেতে পারে। তবে, পরবর্তিতে ডিপিপি সংশোধন করা হলে সেক্ষেত্রে এ বিষয়টি যথাযথভাবে প্রতিফলন করা আব্যশক হবে। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়। এছাড়া, ডিপিপি প্রণয়নকালে প্রকল্প পরিচালকের ক্ষেত্রে সুনির্দিষ্ট কর্মকর্তার সংস্থান না রেখে (বিকল্পসহ) গ্রেড এর উল্লেখ থাকা যৌক্তিক মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

৪. সুপারিশ/সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১ প্রকল্পসমূহের ব্যয় ও প্রধান প্রধান কার্যক্রম; প্রস্তাবিত প্রকল্প পরিচালকের কর্মস্থল, কার্যপরিধি ও অভিজ্ঞতা ইত্যাদি বিবেচনায় প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে সওজ অধিদপ্তরের নিম্নোক্ত প্রকল্পসমূহের পার্শ্বে উল্লেখিত কর্মকর্তাগণকে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্বে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগের সুপারিশ করা হল:

| ক্রঃ নং | প্রকল্পের নাম (মেয়াদকাল) | সুপারিশকৃত প্রকল্প পরিচালক |
|---|---|---|
| ০১ | আলীকদম-জালানীপাড়া-কুরুকপাতা-পোয়ামুহরী সড়ক নির্মাণ<br>(০১-০১-২০১৭ হতে ৩০-০৬-২০১৯) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>রাঙ্গামাটি সড়ক সার্কেল |
| ০২ | বগাছড়ি-নানিয়ারচর-লংগদু সড়কের ১০তম কিলোমিটার এ চেংগী নদীর উপর ৫০০.০০ মিটার দীর্ঘ সেতু নির্মাণ<br>(০১-১১-২০১৬ হতে ৩১-১২-২০১৮) | নির্বাহী প্রকৌশলী<br>রাঙ্গামাটি সড়ক বিভাগ |
| ০৩ | সীমান্ত সড়ক (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা) নির্মাণ (১ম পর্যায়)<br>(০১-০১-২০১৭ হতে ৩০-০৬-২০২১) | অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম জোন |
| ০৪ | থানচি-রিমাকরি-মদক-লিকরি সড়ক নির্মাণ<br>(০১-০১-২০১৭ হতে ৩০-০৬-২০২০) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>রাঙ্গামাটি সড়ক সার্কেল |

৪.২ প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্প ব্যবস্থাপনা সেটআপসহ অন্যান্য সংশ্লিষ্ট অনুচ্ছেদ বা ছকে প্রকল্প পরিচালক হিসেবে কোন সুনির্দিষ্ট পদ/কর্মকর্তাকে প্রস্তাব করা যাবে না। এ ক্ষেত্রে একাধিক বিকল্পসহ প্রকল্প পরিচালকের গ্রেড উল্লেখ করতে হবে।

৪.৩ একজন কর্মকর্তাকে বেশী সংখ্যক প্রকল্পের দায়িত্ব প্রদান করা হলে সে ক্ষেত্রে প্রকল্পের কার্যক্রম বাধাগ্রস্ত হবার সম্ভাবনা থাকে বিধায় ডিপিপি'তে প্রকল্প পরিচালক হিসেবে নির্দিষ্ট গ্রেড উল্লেখ থাকলেও কতিপয় প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে ভিন্ন গ্রেডের কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে বিবেচনা করা হলো। তবে পরবর্তিতে প্রকল্প সংশোধনকালে বিষয়টি যথাযথভাবে প্রতিফলন করতে হবে।

৪.৪ অন্য সকল অনুমোদিত প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য যথাযথ ও প্রয়োজনীয় তথ্যাদিসহ দ্রুত প্রস্তাব প্রেরণ করতে হবে।

৪.৫ অতিরিক্ত দায়িত্বে নিয়োগপ্রাপ্ত কোন প্রকল্প পরিচালককে বদলী করা হলে অথবা অবসর গ্রহণ করলে সেক্ষেত্রে মূল পদে নতুন পদায়নকৃত কর্মকর্তার অনুকূলে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করার জন্য মন্ত্রণালয় কর্তৃক পুনঃনিয়োগাদেশ জারির লক্ষ্যে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রস্তাব প্রেরণ করতে হবে।

৫. অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
০৮-১০-২০১৮
(মোঃ নজরুল ইসলাম)
সচিব